

بِسْمِ الرَّحْمَنِ الرَّحِيمِ



Phone: (202) 244-0183

Fax : (202) 244-2771/7830

E-mail: bdoot\_pwash@yahoo.com

Website : www.bdembassyusa.org

EMBASSY OF THE  
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH  
3510 International Drive, NW  
Washington, D.C. 20008

তারিখ : ২১ নভেম্বর ২০১৪

## প্রেস বিজ্ঞপ্তি

### বাংলাদেশ দূতাবাস ওয়াশিংটন ডিসিতে ৪৩তম সশস্ত্র বাহিনী দিবস উদযাপিত

যথাযথ মর্যাদা ও উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে অদ্য ২১ নভেম্বর ২০১৪ তারিখে ওয়াশিংটনস্থ বাংলাদেশ দূতাবাসে ৪৩তম সশস্ত্র বাহিনী দিবস পালিত হয়। ১৯৭১ সালের ২১শে নভেম্বর বাংলাদেশের গৌরবোজ্জ্বল স্বাধীনতা সংগ্রামে সেনা, নৌ ও বিমানবাহিনী যৌথভাবে পাকিস্তান হানাদার বাহিনীর বিরুদ্ধে আক্রমণ পরিচালনা করে। এ দিনটির সুরণে প্রতিবছর বাংলাদেশ সশস্ত্র বাহিনী দিবস হিসেবে পালন করে থাকে। এ উপলক্ষে বাংলাদেশ দূতাবাস বঙ্গবন্ধু অডিটোরিয়ামে এক সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করে। যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের মান্যবর রাষ্ট্রদূত জনাব মোহাম্মদ জিয়াউদ্দিন এবং প্রতিরক্ষা এ্যাটাচী ব্রিগেডিয়ার জেনারেল মোহাম্মদ সামসুজ্জামান, এওডব্লিউসি, পিএসসি, আগত আমন্ত্রিত অতিথিদের উদ্দেশ্যে স্বাগত বক্তব্য রাখেন।

মান্যবর রাষ্ট্রদূত জনাব মোহাম্মদ জিয়াউদ্দিন তাঁর স্বাগত বক্তব্যে সশস্ত্র বাহিনীর সদস্যসহ বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে যারা শহীদ হয়েছেন তাঁদের সকলের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। সদ্য স্বাধীনতাপ্রাপ্ত বাংলাদেশে একটি আধুনিক সশস্ত্র বাহিনী গড়ে তুলতে অবিম্বরণীয় অবদানের জন্য তিনি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন। তিনি বলেন, বাংলাদেশ সশস্ত্র বাহিনী প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলা, অবকাঠামোগত উন্নয়ন এবং কম্পিউটারাইজড জাতীয় পরিচয়পত্র তৈরীতে বিশেষ ভূমিকা পালন করেছে। তিনি আরও উল্লেখ করেন বাংলাদেশ সশস্ত্র বাহিনীর সদস্যগণ জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে অগ্রণী ভূমিকা পালনের মাধ্যমে বিদেশে বাংলাদেশের ভাবমূর্তি বহুলাংশে উজ্জ্বল করেছে।

প্রতিরক্ষা এ্যাটাচী ব্রিগেডিয়ার জেনারেল মোহাম্মদ সামসুজ্জামান, এওডব্লিউসি, পিএসসি সশস্ত্র বাহিনী সৃষ্টির শুরু থেকে এ বাহিনীর ভূমিকা সম্পর্কে সংক্ষিপ্ত বিবরণ দেন। মূল অনুষ্ঠানের পাশাপাশি জাতি গঠনে এবং বিশ্বব্যাপী জাতিসংঘ শান্তিরক্ষী মিশনে বাংলাদেশ সশস্ত্র বাহিনীর উজ্জ্বল ভূমিকা সম্পর্কে একটি প্রামাণ্য চলচ্চিত্র প্রদর্শন করা হয়।

অনুষ্ঠানে রাষ্ট্রদূত, প্রতিরক্ষা এ্যাটাচী, মার্কিন পররাষ্ট্র দপ্তর ও পেন্টাগনের উচ্চ পদস্থ কর্মকর্তা, মিডিয়া প্রতিনিধি, যুক্তরাষ্ট্রে বসবাসরত বাংলাদেশ সশস্ত্র বাহিনীর অবসরপ্রাপ্ত অফিসার, প্রবাসী বাংলাদেশী এবং বাংলাদেশ দূতাবাসের সকল কর্মকর্তা/কর্মচারীসহ অনেক অতিথি উপস্থিত ছিলেন। মেজর জেনারেল Garry C. Dean স্পেশাল এ্যাসিস্টেন্ট টু দ্যা চীফ, ন্যাশনাল গার্ড ব্যুরো প্রধান অতিথি হিসেবে উক্ত অনুষ্ঠানে যোগদান করেন। প্রধান অতিথি প্রথমে বাংলাদেশের বীর শহীদদেরকে সশ্রদ্ধচিত্তে স্মরণ করেন যাদের আত্মোৎসর্গ ও সুমহান ত্যাগে অর্জিত হয়েছে বাংলাদেশের স্বাধীনতা। পরিশেষে তিনি বাংলাদেশ এবং ইউএসএ সশস্ত্র বাহিনীর মধ্যে সম্পর্ক আরো জোরদার এবং ভবিষ্যতে একে অপরের সাথে সাহায্যে সহযোগিতার মাধ্যমে শান্তি সম্প্রতি ও সমৃদ্ধিতে আরো গুরুত্বপূর্ণ অবদান রাখার ব্যাপারে প্রত্যাশা ব্যক্ত করেন।

সংবর্ধনায় প্রায় তিন শতাদিক অতিথি অংশগ্রহণ করেন। অতিথিদেরকে এতিহ্যবাহী বাংলাদেশী খাবার পরিবেশন করা হয়।

---

Embassy of Bangladesh, Washington DC 20008, Phone: 202-244-3838,  
Fax: 202-244-2771/7830, e-mail: bdoot\_pwash@yahoo.com/ press.bew@gmail.com

